প্রথম আলো

তারিখ ... 10 JUN 2016 ...
পৃষ্ঠা ৩ ... কলাম ২ ...

# একাদশ শ্রেণিতে ভর্তির আবেদনের সময় বাড়ল

নিজস্ব প্রতিবেদক ●

২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য আবেদনের সময় আজ শুক্রবার সকাল ১০টা পর্যন্ত বাড়ানো হয়েছে। পূর্ব ঘোষণা অনুযায়ী গতকাল বৃহস্পতিবার রাত ১১টা ৫৯ মিনিটে এই আবেদনের সময় শেষ হওয়ার কথা ছিল। রাত পৌনে ১১টায় ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের জ্যেষ্ঠ সিস্টেম অ্যানালিস্ট মনজুরুল কবীর *প্রথম আলো*কে সময় বাড়ানোর এ কথা জানান।

বোর্ডের একজন কর্মকর্তা জানান, আবেদনের টাকা জমা দিলেও প্রায় ছয় হাজার শিক্ষার্থীর আবেদনপত্র জমা পড়েনি। এ জন্য বিশেষ বিবেচনায় কাল শুক্রবার সকাল ১০টা পর্যন্ত সময় বাড়ানো হয়েছে।

এদিকে গতকাল রাত পর্যন্ত মোট ১২ লাখ ৮৫ হাজার ৪০৩ ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থী আবেদন জমা দিয়েছে।

গত ২৬ মে আবেদন নেওয়া শুরু হয়েছিল। এবারও অনলাইনে ও মুঠোফোনে খুদে বার্তায় আবেদন নেওয়া হয়েছে।